বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
ফোনঃ ৯৫১৪৯১২
E-mail:dgmlcd@krishibank.org.bd
ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ

প্রকা/সিএল-৩(অংশ-১)/২০১৬-২০১৭/১১৭৫ তারিখ ঃ ২২-০৫-২০১৭ইং

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়/সকল কর্পোরেট শাখা
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ৩১-০৫-২০১৭ সূত্র তারিখ ভিত্তিক সিএল বিবরণী (সিএল ফরম-১ থেকে সিএল ফরম-৫) এক্সেল ফরমেটে প্রস্তুত করতঃ সফটকপি প্রেরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিগত ৩০-০৬-২০১৬ তারিখ হতে ২৭-০৪-২০১৭ তারিখ পর্যন্ত ব্যাংকের শ্রেণীকৃত ঋণের অবস্থা নিম্ন বর্ণিত ছকে দেয়া হলো ঃ-

(কোটি টাকায়)

৩০-০৬-২০১৬ তারিখের শ্রেণীকৃত ঋণের অবস্থা			৩১-১২-২০১৬ তারিখের শ্রেণীকৃত ঋণের অবস্থা			২৭-০৪-২০১৭ তারিখে সমাপ্ত সাপ্তাহিক প্রতিবেদন অনুযায়ী শ্রেণীকৃত ঋণের পরিমাণ
সাপ্তাহিক প্রতিবেদন অনুযায়ী পরিমাণ	ঋণ শ্রেণীবিন্যাস অনুযায়ী প্রকৃত পরিমাণ	সাপ্তাহিক প্রতিবেদনের তুলনায় প্রকৃত শ্রেণীকৃত ঋণ বৃদ্ধির পরিমাণ	সাপ্তাহিক প্রতিবেদন অনুযায়ী পরিমাণ	ঋণ শ্রেণীবিন্যাস অনুযায়ী প্রকৃত পরিমাণ	সাপ্তাহিক প্রতিবেদনের তুলনায় প্রকৃত শ্রেণীকৃত ঋণ বৃদ্ধির পরিমাণ	
৩২১০.০২	৪৮৪১.৩০	১৬৩১.২৮	৪০১২.০৫	৪৬৭৮.৯৬	৬৬৬.৯১	৪০২৭.১৯

০৩। উপরোক্ত চিত্র হতে দেখা যায় যে, শাখা পর্যায় হতে অর্ধবার্ষিক এবং বার্ষিক হিসাব সমাপনীর তারিখে সাপ্তাহিক প্রতিবেদন অনুযায়ী শ্রেণীকৃত ঋণ স্থিতির সাথে প্রকৃত শ্রেণীকৃত ঋণ স্থিতির আকাশ পাতাল পার্থক্য হয়েছে। ইহাতে প্রতীয়মান হয় যে, মাঠ পর্যায়ে শ্রেণীযোগ্য ঋণ-১ যাহা পরবর্তীতে ০১-০১-২০১৭ তারিখে এনসিএল-এ রূপান্তরিত হয়েছে, শ্রেণীযোগ্য ঋণ-২ এবং শ্রেণীকৃত ঋণ আদায়ের ক্ষেত্রে ভূয়া এবং বাস্তবতা বিবর্জিত তথ্য দিয়ে কর্তৃপক্ষের নিকট সন্তুষ্টি অর্জনের অপচেষ্টার কারণে এ রকম হয়েছে। ২৭-০৪-২০১৭ তারিখে সমাপ্ত সাপ্তাহিক প্রতিবেদনে প্রদত্ত অসামঞ্জস্যপূর্ণ শ্রেণীকৃত ঋণ স্থিতির কারণে এ রকম হয়েছে মর্মে কর্তৃপক্ষ মনে করেন। প্রমোটর হিসেবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ শাখা পর্যায়ে পরীক্ষা করে এর সত্যতা পেয়েছেন। তজ্জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ব্যাংকের সকল শাখায় ৩১-০৫-২০১৭ সূত্র তারিখ ভিত্তিক সিএল বিবরণী (সিএল ফরম-১ থেকে সিএল ফরম-৫) এক্সেল ফরমেটে প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেছেন।

চলমান পাতা-২

০৪। এ প্রেক্ষিতে বিগত ৩১-১২-২০১৬ সূত্র তারিখ ভিত্তিক প্রস্তুতকৃত সিএল ফাইলে (CL_DEC16 নামক এক্সেল ফাইল) শাখার ৩১-০৫-২০১৭ তারিখের সিএল বিবরনী প্রস্তুত করতে হবে। তবে সুদ ধার্য করার কোন প্রয়োজন নাই। উল্লেখ্য ৩১-০৫-২০১৭ তারিখে শাখার প্রস্তুতকৃত সিএল বিবরনীর ঋণ স্থিতির সাথে শাখার জিএল এর ঋণ স্থিতি অবশ্যই মিল থাকতে হবে। শাখা কার্যালয় ৩১-০৫-২০১৭ তারিখ ভিত্তিক শ্রেণীবিন্যাসিত ঋণের তথ্য নিম্নোক্ত ছকে ০৫-০৬-২০১৭ তারিখে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় তা সংকলন করে ০৭-০৬-২০১৭ তারিখে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। কর্পোরেট শাখাসমূহ ০৭-০৬-২০১৭ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ে এবং স্থানীয় মুখ্য কার্যালয় ০৭-০৬-২০১৭ তারিখের মধ্যে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকায় প্রেরণ করবে। বিভাগীয় কার্যালয় তা সংকলন করে ১০-০৬-২০১৭ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে ঋণ শ্রেণীবিন্যাস বিভাগে প্রেরণ করবে। এখানে উল্লেখ্য যে, শুদ্ধরূপে নির্ভুল বিবরনী প্রেরণ করতে হবে। তজ্জন্য মাঠ পর্যায়ের সকল কার্যালয়কে ছুটির দিনে অর্থাৎ শুক্রবার এবং শনিবারও ঋণ শ্রেণীবিন্যাসের কাজ করতে হবে।

৩০-০৬-২০১৬ তারিখে ঋণ শ্রেণীবিন্যাস			৩১-১২-২০১৬ তারিখে ঋণ শ্রেণীবিন্যাস			৩১-০৫-২০১৭ তারিখে ঋণ শ্রেণীবিন্যাস		
অশ্রেণীকৃত	শ্রেণীকৃত	মোট	অশ্রেণীকৃত	শ্রেণীকৃত	মোট	অশ্রেণীকৃত	শ্রেণীকৃত	মোট

০৫। **এমতাবস্থায় ৩১-০৫-২০১৭ সূত্র তারিখ ভিত্তিক সিএল বিবরণী (সিএল ফরম-১ থেকে সিএল ফরম-৫) এক্সেল ফরমেটে নির্ভুলভাবে প্রস্তুতপূর্বক সংকলিত তথ্য প্রদত্ত ছকে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।**

০৬। **বিষয়টি অতীব জরুরী।**

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত

(মোঃ শাহজাহান) ২/০৫/২০১৭
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/সিএল-৩(অংশ-১)/২০১৬-২০১৭/১১৭৫(১২৫০) তারিখ ঃ -ঐ-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, ঋণ আদায় মহাবিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। তাঁকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৫। নথি/মহানথি।

(মোঃ বশির আহমেদ) ২২/০৫/২০১৭ খ্রি
সহকারী মহাব্যবস্থাপক